“যখন তোমরা তিনজন হবে, তখন একজনকে বাদ দিয়ে বাকী দু’জনে কানাঘুষা করবে না; যতক্ষণ না অন্যান্য মানুষের সাথে মিশে যাচ্ছ। কারণ, এটি অপর ব্যক্তিকে চিন্তিত করে তুলবে।”

আব্দুল্লাহ ইবন মাসউদ রাদিয়াল্লাহু আনহু থেকে মারফু‘ হাদীসে বর্ণিত, “যখন তোমরা
তিনজন হবে, তখন একজনকে বাদ দিয়ে বাকী দু’জনে কানাঘুষা করবে না; যতক্ষণ না অন্যান্য মানুষের সাথে মিশে যাচ্ছ। কারণ, এটি অপর ব্যক্তিকে চিন্তিত করে তুলবে।”
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

ইসলাম অন্তরের কষ্ট দূর করা, ভালো ব্যবহার ও সুন্দর কথা-বার্তা বলার নির্দেশ দেয়। আর যে সব কর্ম একজন মুসলিম ভাইকে কষ্ট দেয়, আতঙ্কিত করে এবং কু-ধারণা সৃষ্টি করে, সে সব কর্ম থেকে ইসলাম নিষেধ করে। এমন নিষিদ্ধ কর্মসমূহের একটি কর্ম হলো, যখন তিনজন একত্র হবে, তখন যদি একজনকে বাদ দিয়ে অপর দুইজন কানাকানি করে এবং চুপিসারে কথা বলে, তখন তৃতীয়জন যিনি তাদের সাথে রয়েছে সে কষ্ট পাবে, চিন্তিত হবে এবং সে কথার মধ্যে তাদের সাথে সম্পৃক্ত হওয়ার উপযুক্ত নন বলে নিজেকে ছোট ভাববে। ত্দ্রূপ সে নিজেকে একা ও নিঃসঙ্গ অনুভব করবে। তাই শরী‘আত এ ধরণের কানাঘুষা করা সম্পর্কে নিষেধাজ্ঞা আরোপ করেছে।

http://www.sunnah.global/hadeeth/bn/show/5338